

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাবর্তন
সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি
গ্রহণে অমর্ত্য সেনের সম্মতি

নোবেল বিজয়ী প্রখ্যাত অর্থনীতিবিদ
প্রফেসর অমর্ত্য সেন আগামী ১৮ই ডিসেম্বর
অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম
সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ ও সম্মানসূচক
ডক্টরেট ডিগ্রি গ্রহণে সম্মতি জ্ঞাপন
করেছেন।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের
ইতোপূর্বে পাঠানো এক আমন্ত্রণপত্রের
জবাবে প্রফেসর সেন মঙ্গলবার
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে
আজাদ চৌধুরীর কাছে ফ্যাক্সযোগে একটি
সম্মতিপত্র পাঠান। সংবাদ বিজ্ঞপ্তি।